১২	ডিএনসিসির প্রধান কার্যালয় “গুলশান সেন্টার পয়েন্টে” স্থানান্তর এবং বর্তমান প্রধান কার্যালয়স্থলে বিশিষ্ট কর্মসূচিয়াল কর্মস্পেক্ট নির্মাণ প্রসঙ্গে	(ক) ডিএনসিসির প্রধান কার্যালয় “গুলশান সেন্টার পয়েন্টে” স্থানান্তর করার প্রতিক্রিয়া চলমান। গুলশান স্টোর পয়েন্টের ৬, ৮, ৯ ও ১০ তলায় সিটি কর্পোরেশনের শপের ভবন স্থানান্তরের প্রতিক্রিয়া চলমান রয়েছে। এর মধ্যে ৬ তলায় আনুমানিক ২২৮১০ বর্গফুট এবং ৮, ৯ ও ১০ তলার প্রতি তলায় ১২০৮৫ বর্গফুট অর্থাৎ ৩টি ফ্লোরে $(12085 \times 3) = 36255$ বর্গফুটসহ সর্বমোট জায়গার পরিমাণ $(22810+36255) = 59065$ বর্গফুট। ডেভেলপার কোম্পানী ও ডিএনসিসির মধ্যে চুক্তিতে ৭৫% ও ২৫% হিসেবে বন্টন করা আছে। ইউনিয়ার্ট ডিএনসিসির মধ্যে প্রতিক্রিয়া চুক্তিতে ৭৫% ও ২৫% হিসেবে বন্টন করা আছে। ইউনিয়ার্ট এর সাথে মাননীয় মেয়র এর আলোচনায় অফিসটি সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত ও এর সাথে মাননীয় মেয়র এর আলোচনায় অফিসটি সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত ও ব্যবহারের উপযোগী করে দিতে ইউনিয়ার্ট কর্তৃপক্ষ সম্মত হয়েছেন। ব্যবহারের উপযোগী রূপে নির্মাণ করে দিতে সম্মত হয়েছেন। এখানে কঠোরভূমি, অডিটরিয়াম, ড্যাস্টোর্ড সম্মানিত কাউন্সিলরদের বসার সুবিধার জন্য একটি অত্যাধুনিক কক্ষ সংরক্ষিত হবে। সম্মানিত সকল কাউন্সিলর প্রত্যাবের পক্ষে একমত প্রকাশ করেন। (খ) বর্তমান ডিএনসিসি'র প্রধান কার্যালয় (৮১ গুলশান এভিনিউ)-এ জায়ির পরিমাণ-০.২৯৪৮ একর। পি.ড্রিল্ট.ডি হতে অনুমতি প্রাপ্ত। সিটি জরিপ রেকর্ডে মালিক ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। প্রধান কার্যালয়স্থল বাণিজ্যিক এলাকায় হওয়ায় এখানে বাণিজ্যিক ভবন করা হলে সিটি কর্পোরেশন অর্থিকভাবে লাভবান হবে বিধায় একটি বাণিজ্যিক ভবন নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া যায়। ১৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর বলেন, অফিস স্পেস করে ভাড়া দেয়া যায়। মাননীয় মেয়র বলেন এর আশেপাশে অস্তত ১০ টি বিস্তি রয়েছে যেগুলি ভাড়া হচ্ছে না। ৩১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জন্মাব ঘোঁ শফিকুল ইসলাম বলেন ডিএনসিসির পক্ষ থেকে নির্মাণ করে কঞ্চিয়াল ভাড়া প্রদান করা যায়। মাননীয় মেয়র বলেন DPP প্রণয়ন করা হবে। প্রয়োজনে আমিন বাজার ও মহাখালী মার্কেটের টাকা দিয়ে বাণিজ্যিক ভবন তৈরী করা হবে।	ডিএনসিসির প্রধান কার্যালয় “গুলশান সেন্টার পয়েন্টে” স্থানান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নকারী- ১) প্রধান প্রকৌশলী
১৩	৬৪ কামাল আতার্কু ক্ষ এভিনিউ সংলগ্ন বনানী কার পার্কিং (বনানী কমিউনিটি	৬৪ কামাল আতার্কুক্ষ এভিনিউ সংলগ্ন বনানী কার পার্কিং (বনানী কমিউনিটি সেন্টার সংলগ্ন খালী জায়গায়) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক হস্তান্তর করা হয়েছি। সিটি জরিপ রেকর্ডে মালিক ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। এখানে জায়ির পরিমাণ-০.২৩৭৬ একর। জায়গাটি বাণিজ্যিক এলাকায় হওয়ায় এখানে কার	বর্তমান প্রধান কার্যালয়স্থলে বাণিজ্যিক ভবন করার সিদ্ধান্ত সর্বসমতিক্রমে গৃহীত হয়। বাস্তবায়নকারী- ১) প্রধান প্রকৌশলী

	<p>সেন্টার সংলগ্ন খালি জায়গায়)-এ কার পার্কিংসহ বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণ প্রসঙ্গে</p> <p>পার্কিংসহ বহুতল বাণিজ্যিক ভবন নির্বাচন করা যেতে পারে। ১৯ নং ওয়ার্ডের সম্মানিক কাউন্সিলর বলেন কমিউনিটি সেন্টারের নীচে পানি জমে ড্যামেজ হয়ে যাচ্ছে, তাই কমিউনিটিসেন্টারসহ সম্পূর্ণ জায়গায় বাণিজ্যিক ভবন তৈরী করা যায়। মাননীয় মেয়র বলেন গুলশাল এর চেয়ে বনানীর গুরুত্ব বেশী তাই বনানীকে সর্বপ্রথম গুরুত্ব দিয়ে আবিন বাজার ও মহাখালীর টাকা দিয়ে প্রথমে বনানী কমিউনিটি সেন্টারসহ কার পার্কিংএর জায়গায় বাণিজ্যিক ভবন নির্মাণ করা হবে।</p>	<p>নির্মাণ করার বিষয়ে সর্বসমতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ভবনের নির্মাণের জন্য তিপিপি প্রণয়ন করা যেতে পারে।</p> <p>বাস্তবায়নকারী-</p> <p>১) প্রধান প্রকৌশলী</p>
১৪	<p>রায়ের বাজার জাতীয় শহীদ স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থান মেট্রোরেলের Construction Yard এর জন্য ৫ বছরের জন্য বরাদ্দ প্রদান এবং উত্তরা ৪ নং সেন্টার কবরস্থানে শাহজালাল এভিনিউস্থ পারিবারিক কবরস্থান (৩.৫ কাঠা) স্থানান্তর প্রসঙ্গে</p> <p>(১) মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী প্রতিক্রিয়া ও অঞ্চলিকারভিন্ন জিওবিভুক্ত আলোচ্য “রায়ের বাজার জাতীয় শহীদ স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থান উন্নয়ন প্রকল্প” শীর্ষক প্রকল্পটি প্রায় ৯৬.২৩ একর ভূমির উপর ৫২.৬০ (পাঁচগত বাইশ দশমিক ছয় শত) কোটি টাকা ব্যয়ে বাংলাদেশ সেবাবাহিনী কর্তৃক বিগত ৩০ জুন ২০১৫ তারিখে সমস্পৃষ্ট হয়েছে। যা ৭ মার্চ ২০১৬ ডিএনসিসি'কে বুবিয়ে দয়া হয়েছে। প্রকল্পের আওতায় প্রায় ১ (এক) লক্ষ কবরের সংস্থান করা হয়েছে। দৃষ্টিন্দন এ প্রকল্পটি সর্বমুক্ত হয়েছে এবং প্রকল্পের আওতায় ১ (এক) লক্ষ কবরের সংস্থান প্রকল্প অভিভূতে বালু ও মাটি ভরাট, ১ টি দৃষ্টিন্দন আর্চ স্রীজ, ২ টি ফুটওভার স্রীজ, বিভিন্ন স্থানে ফ্যাসলিটিজ পয়েন্ট, বৃক্ষরোপণ, ওয়াকওয়ে, সাবস্টেশনসহ বৈদ্যুতিক ব্যবস্থা এবং অত্যন্তরীন স্টেমেজ কাঠায়ো নির্মাণ করা হয়েছে।</p> <p>বিদ্যমান বাস্তবতায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী প্রতিক্রিয়া ও অঞ্চলিকারভিন্ন এবং ধর্মীয় বিবেচনায় অত্যন্ত স্পর্শকাতর এবং সর্বোপরি বৃহৎ মেগা প্রকল্পের বিরাট অংশ (১২ হেক্টের) প্রস্তাবিত মেট্রোরেলের Construction Yard এর জন্য ৫ বছরের জন্য বরাদ্দ চেয়েছেন। মেট্রোরেলের Construction Yard এর জন্য দেয় হলে ডিএনসিসি'র ভাবগুরু ঘারানাকভাবে স্থুল হওয়ার আগুকা রয়েছে। ৩৩ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব তারেকুজ্জামান রাজিব বলেন রায়ের বাজার কবরস্থানের জায়গায় Construction Yard করতে দেয়া ঠিক হবে না। Construction Yard করতে দেয়া হলে জনগনের মনে বিরূপ প্রতিক্রিয়া বিরাজ করবে। MRT অন্যত্র জায়গা ঠিক করার জন্য জানানো যায়। এ বিষয়ে সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন।</p> <p>(২) উত্তরা ৪ নং সেন্টারে রোড সম্প্রসারণ কাজ চলছে। শাহজালাল এভিনিউস্থ সরকার পরিবারের ৩.৫ কাঠার একটি কবরস্থান রয়েছে। কবরস্থানটি স্থানান্তর করে রাস্তাটি সম্প্রসারণ করতে হবে। তাঁরা জনস্বার্থে কবরস্থানটি স্থানান্তরে সম্মত হয়েছেন। তবে তাঁরা বিদ্যমান কবরস্থানের তাদের পরিবারের জন্য উত্তরা কবরস্থানে সংরক্ষণের দাবী করেছেন। এ বিষয়ে সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন।</p>	<p>Construction Yard তৈরীর জন্য বিকল্প জায়গা অনুসন্ধান করে নির্বাচনের জন্য MRT কর্তৃপক্ষকে অনুরোধ করা যেতে পারে।</p> <p>বাস্তবায়নকারী-</p> <p>১) প্রধান প্রকৌশলী</p>
১৫	<p>অঞ্চল-২ এর সনি সিনেমা হল সংলগ্ন অঞ্চল-৪ (মিরপুর) এর রাজস্ব অফিস স্থানান্তরের বিষয়ে</p> <p>ডিএনসিসি'র গুরু ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের আবাসিক সংস্থা সংযোগের নিমিত্ত অঞ্চল-২ এর আওতাধীন ৮ নং ওয়ার্ডের মনি সিনেমা হলের পার্শ্বে প্রায় ৩৫.০০ শতাংশ জায়গার উপর ১টি বহুতল বিশিষ্ট ভবন নির্মাণের জন্য “Canstruction of Multistoried (2-Basement+ 4-Storied) Commercial-Cum-Staff Quarter Residential Complex under Dhaka North City Corporation” অনুমোদিত হয়েছে। বহুতল ভবনটির ২টি বেইজমেন্টসহ ৪ তলা হতে ১২ তলা পর্যন্ত ৮টি ফ্লোরে ৬২ (বাষ্পটি) টি ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রাথমিক অবস্থায় উক্ত স্থানে ২টি বেইজমেন্টসহ ৪ তলা পর্যন্ত বাণিজ্যিক ফ্লোরে নির্ধারণের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে এবং মাঠ পর্যায়ে উক্ত কাজটি আগামী ১০/০৫/২০১৬ তারিখে আরম্ভ করার জন্য কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। সেহেতু উক্ত স্থানে অঞ্চল-৪ এর বিদ্যমান রাজস্ব অফিসটি আগামী এপ্রিল-২০১৬ ত্রিশ তারিখের পূর্বেই স্থানান্তর করাসহ জরাজীর্ণ পুরাতন ভবনটি নিলায় করা প্রয়োজন। এ বিষয়ে সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন।</p>	<p>উত্তরা ৪ নং সেন্টার শাহজালাল এভিনিউস্থ পারিবারিক কবরস্থানটি তাদের দাবী মতে উত্তরা কবরস্থানে স্থানান্তর করা যায় এবং তাদের জন্য প্রয়োজনীয় স্থান সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>বাস্তবায়নকারী-</p> <p>১) প্রধান প্রকৌশলী</p> <p>২) প্রধান সংযোগক্ষেত্র ও বন্ড উন্নয়ন কর্মকর্তা</p> <p>৩) আঞ্চলিক নির্বাচী কর্মকর্তা, অঞ্চল-১</p> <p>১) অঞ্চল-৪ এর রাজস্ব অফিসটি নির্ধারিত স্থানে স্থানান্তরের জন্য প্রধান প্রকৌশলী ও আঞ্চলিক নির্বাচী কর্মকর্তা অঞ্চল-৪ প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণ করবেন।</p> <p>২) অঞ্চল-২ এর আওতাধীন অঞ্চল-৪ এর রাজস্ব অফিস ভবনটি নিলায়, অপসারণ ও অঞ্চল-৪ এর রাজস্ব অফিস নির্মাণের জন্য প্রধান প্রকৌশলী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।</p> <p>৩) অঞ্চল-২ এ অবস্থিত অঞ্চল-৪ এর রাজস্ব অফিস অঞ্চল-৪ এর ঠিকাদার ভবনে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

			<p><b>বাস্তবায়নকারী-</b></p> <ol style="list-style-type: none"> <li>১) প্রধান প্রকৌশলী</li> <li>২) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২</li> <li>৩) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৪</li> </ol>
১৬	শহরের বিভিন্ন পুলিশ বক্স প্রসঙ্গে	ঢাকা উভর সিটি কর্পোরেশনের এলাকায় বড় বড় সড়কের মোড়ে মোড়ে পুলিশ বক্স স্থাপন করা হয়েছে। বজ্রগুপ্তির অবস্থাগত কারণে গাড়ী চালকদের বিভিন্ন দিক থেকে আগত গাড়ীর গতিবিধি লক্ষ্য করে নিরাপদে গাড়ী চালকগণের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হচ্ছে। সুশীল সুবিধাজের প্রতিনিধিদের কাছ থেকে বজ্রগুপ্তি সড়কবন্ধীপথেকে অপসারণ করার জন্য দাবী জাগানো হয়েছে। মেয়ার বলেন, বিষয়টি নিয়ে পুলিশ কর্তৃপক্ষের সাথে আলোচনার পর করণীয় সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। প্রয়োজনে আমরা ৫০-১০০টা বক্স করে দিব কিন্তু কোন বিজ্ঞাপন দেয়া যাবে না। তাদের চাহিদা বিবেচনায় নয়ে প্রয়োজনে ট্রালপ্যারেট বক্স তৈরী করে দেয়া হবে। এ বিষয়ে সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন।	ঢাকা উভর সিটি কর্পোরেশন এলাকায় নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রেখে সড়ক দ্বীপে স্থাপিত বিভিন্ন পুলিশ বক্স এর বিষয়ে পুলিশের সাথে আলোচনা করে সুবিধাজনক জাগায় স্থানান্তরের ব্যবস্থা নেয়া যাবে।
১৭	সড়ক ও ফুটপাথ হ্রদের মূক্ত রাখার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।	মেয়ার বলেন, নগরীর অধিকাংশ দোকানদার তার নির্ধারিত পরিমাণের দোকানের চেয়ে দোকানের বাইরে অতিরিক্ত পরিমাণ জায়গা অল্যায়ভাবে দখল করে ব্যবসা পরিচালনা করছেন। ফুটপাথ ও মার্কেটের করিডোর বেদখল হওয়ায় জনসাধারণের চলাচল মারাআক বিস্তৃত হয়। কোন ব্যবসায়ী তার নির্ধারিত দোকানের চেয়ে ১ ইঞ্চি অতিরিক্ত জায়গা ফুটপাথ কিংবা করিডোরে কোনক্ষে দখল করতে পারবেন। এ বিষয়ে বিভিন্ন অনুষ্ঠান ও প্রচারণার মাধ্যমে তাদের পর্যাপ্ত সতর্ক করা হয়েছে। এ বিষয়ে তিনি সম্মানিত কাউন্সিলরদের সহায়তা চান। তিনি বলেন, এপ্রিলের মধ্যে সকল ফুটপাথের দোকান সরিয়ে দেয়া হবে। কিছু কিছু এলাকার ফুটপাথের সকল দোকান ও চুলা ভেঙে দেয়া হয়েছে। এ বিষয়ে সকল সম্মানিত কাউন্সিল মেয়ার এর সাথে একমত প্রকাশ করেন।	<p><b>বাস্তবায়নকারী-</b></p> <ol style="list-style-type: none"> <li>১) প্রধান প্রকৌশলী</li> <li>২) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা</li> </ol> <ol style="list-style-type: none"> <li>১) এপ্রিল-২০১৬ এর মধ্যে যে সকল দোকান মালিক তার দোকানের অতিরিক্ত জায়গা (ফুটপাথ কিংবা করিডোর) বেআইনিভাবে দখল করে তাদের দোকান সিলগালা করে দিতে হবে এবং প্রয়োজন গতো সঞ্চিষ্ট দখলকার দোকান মালিকের বি঱ক্ষে আইনানুযায়ী মায়লা দায়ের করা হবে।</li> </ol> <p><b>বাস্তবায়নকারী-</b></p> <ol style="list-style-type: none"> <li>১) সম্মানিত সকল কাউন্সিলর</li> <li>২) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা</li> <li>৩) প্রধান সম্পত্তি কর্মকর্তা</li> <li>৪) সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা</li> </ol>
		মেয়ার বলেন, প্রধান রাস্তাগুলি থেকে হকার উচ্ছেদ করতে হবে। তবে হকাররা হত-দরিদ্র বিধায় ডিএনসিসি থেকে আন্তরিকভাবে তাদের পুনঃবাসন করা প্রয়োজন। কোন এলাকায় কতজন হকারকে পুনঃবাসন করতে হবে তার তালিকা করতে হবে। ২৩ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোতাবেক আইনে বলেন আমার এলাকায় ৪৫৪ জন হকার উচ্ছেদ করেছি। মগরবাসীকে সুবিধা দিতে চাইলে কারো না কারো ক্ষতি হবে এটাই স্বাভাবিক। কিছু কিছু হকারকে ইতিনিৎ মার্কেট বা হাজিডে মার্কেটের মাধ্যমে বাসনো যেতে পারে। ১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আফসুর উদ্দিন খান বলেন সংরক্ষিত আসন-১ এর কাউন্সিলর ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা যিনি উচ্ছেদ করেছি। তাদের পুনঃবাসনের জন্য একটি জায়গা করা হয়েছে। যাদের উচ্ছেদ করছি তাদেরকে বসাতে হবে। হকারদেরকে পুনঃবাসনের জন্য জোনালের মাধ্যমে আইডি কার্ড প্রদান করা যায়। তাহলে তাদের কাছ থেকে কেউ চাঁদাবাজি করতে পারবে না। ২৯ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নুরুল ইসলাম রতন বলেন আগাম এলাকা হকারমুক্ত। কিছু কিছু হকারকে পুনঃবাসন করা প্রয়োজন। ৩ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর কাজী জাহিরুল ইসলাম মালিক বলেন কিছু অফিস ও দলীয় কার্যালয় খোলা হচ্ছে।	<ol style="list-style-type: none"> <li>১) হকারদের পুনঃবাসনের জন্য প্রয়োজনীয় জমি চিহ্নিত করতে হবে।</li> <li>২) হকারদের পুনঃবাসনের জন্য আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ কাউন্সিলরদের সহায়তায় আইডি কার্ড দিবেন।</li> <li>৩) প্রতিটি ওয়ার্ডে বিভিন্ন রাজনৈতিক দলের একটি দলীয় কার্যালয় রেখে বাকীগুলি ভেঙে দিতে হবে।</li> </ol>

	<p>এগুলি উচ্ছেদ করা প্রয়োজন। মাননীয় মেয়র বলেন যুবলীগ এর সভাপতির সাথে কথা হয়েছে। প্রতিটি ওয়ার্ডে একটি করে দলীয় কার্যালয় থাকবে বাকীগুলি তেসে দিতে হবে। সংরক্ষিত আসন-১ এর সম্মানিত কাউন্সিলর বেগম শাহানাজ পারভীন বলেন, নিকুঞ্জ-১ ও ২ এ অনেক হকার উচ্ছেদ করেছি। খিলফ্ফেত রেলগেটের কাছে এখনো কিছু দোকান রয়েছে। আধ্বর্ণিক নির্বাহী কর্মকর্তা, অশ্বল-১ বলেন ১৭ নং ওয়ার্ড উচ্ছেদ করেছি। আমরা পিট করেছি, সব জায়গা পরিচার হয়ে যাবে। ২২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ লিয়াকত আলী বলেন প্রত্যেক ওয়ার্ডে হকার্স মার্কেট না করলে হকার সংস্থা সমাধান করা যাবে না। জমি কোন হকার্স মার্কেট করা যায়। জমি অর্য করতে ৫০% হকাদের কাছ থেকে নিয়ে বাকী ৫০% ডিএনসিসি থেকে দেয়া যায়।</p>	<p>বাস্তবায়নকারী-</p> <ol style="list-style-type: none"> <li>১) সকল সম্মানিত কাউন্সিলর</li> <li>২) সকল আধ্বর্ণিক নির্বাহী কর্মকর্তা</li> </ol>
১৮	<p>পার্ক নির্মাণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</p> <p>শিশুদের বিনোদন ও শরীর গঠনের জন্য শিশু পার্ক নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে ১০ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব আবু তাহের একটি প্রস্তাব উত্থাপন করেছেন। পত্রে তিনি ১০ নং ওয়ার্ডে কমিউনিটি সেন্টারের দক্ষিণ পার্শ্বে খালি জায়গায় শিশুপার্ক নির্মাণ করা হলে শিশুরা বিনোদনের সুযোগ পাবে। অনুরূপভাবে সকল ওয়ার্ডে শিশুপার্ক করার নিয়ন্ত্রণ করণীয় নির্ধারণ করা যেতে পারে। মাননীয় মেয়র বলেন আমাদের হাতে ২৬-২৭টি পার্ক রয়েছে সেগুলি আগে কাজ করবো। প্রথমে র্যাঙ্কস ভবনের সামনের পার্কে কাজ করা হবে। বিমানবাহীনীর সাথে কথা হয়েছে তারা তারা আমাদের জায়গা দিবে। আর্কিটেক্ট মোবাস্ত্রের ও আর্কিটেক্ট সাইদসহ পরিদর্শন করেছি। আমাদের আর্কিটেক্টগণ কাজ করছে। আমরা জানিয়েছি লাইট ও ক্যামো দিয়ে এলাকাটি সিকিউর করে দিবে। পর্কগুলোর ব্যবস্থাপনার জন্য একটি সেল করে দিব। সংরক্ষিত আসন-১ এর সম্মানিত কাউন্সিলর বেগম শাহানাজ পারভীন বলেন, উত্তরায় শিশুদের খেলার কোন জায়গা নেই। কাউন্সিলরগণ তাদের নিজ নিজ এলাকায় পার্ক ও খেলার মাঠ তৈরী করার জন্য দায়ী করেন এবং মেয়র এর প্রস্তাবের সাথে সকল সম্মানিত কাউন্সিলর একমত প্রকাশ করেন।</p>	<ol style="list-style-type: none"> <li>১) পার্ক ও খেলার মাঠের জন্য উপযুক্ত জমি চিহ্নিত করার জন্য সম্মানিত কাউন্সিলরদের যতায়ত নিয়ে প্রধান সম্পত্তি কর্মকর্তা একটি প্রস্তাব উত্থাপন করতে পারবেন।</li> <li>২) সকল পার্ক উত্থাপনের জন্য একটি Master Project করা হচ্ছে। ডিপিপি প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে। আগামী ৩ বছরের মধ্যে কাজ সম্পন্ন করা যেতে পারে।</li> </ol>
১৯	<p>কমিউনিটি সেন্টার নির্মাণ, কমিউনিটি সেন্টারসমূহের বিভিন্ন সমস্যা প্রসঙ্গে</p> <p>(ক) যে সকল কমিউনিটি সেন্টার ব্যবহৃত হচ্ছে না এবং যে সকল কমিউনিটি সেন্টার চালু আছে সেগুলি প্রয়োজনীয় সংস্কার করার জন্য প্রকল্প গ্রহণ করা প্রয়োজন।</p> <p>(খ) যে সকল কমিউনিটি সেন্টার র্যাব কর্তৃক ভাড়ায় রয়েছে এবং অপদখল হয়ে আছে তা মুক্ত করার জন্য র্যাব ও অপদখলকারীদের সরানো প্রয়োজন।</p> <p>(গ) কমিউনিটি সেন্টারগুলির সঠিক ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট আধ্বর্ণিক নির্বাহী কর্মকর্তাগণ কর্তৃক তদারকী বৃদ্ধি করার প্রয়োজন।</p> <p>৩১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মফিকুল ইসলাম বলেন ঘোহামদপুর একটি জায়গা রয়েছে যেটি আমাদের হাতে ছিল। কিন্তু এখন সেখানে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে সাইনবোর্ড টাঙ্গানো হয়েছে। মাননীয় মেয়র প্রধান সম্পত্তি কর্মকর্তার নিকট এই জমি সম্পর্কে বিস্তারিত তথ্য জানতে চান। জবাবে প্রধান সম্পত্তি কর্মকর্তা নথি পর্যালোচনা করে বলেন জমিটি গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় আমাদের হস্তান্তর করেন নি। জমিটির প্রকৃত মালিক গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়। ২২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ লিয়াকত আলী বলেন আমার এলাকায় কোন সরকারী জমি নেই বিধায় এখানে কোন কমিউনিটি সেন্টার নির্মাণ করাতে পারছিল। জমি অধিগ্রহণ করে কমিউনিটি সেন্টার নির্মাণ করা যায়। ৪ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব জামাল মোস্তফা তার অফিস ৪ নং ওয়ার্ড কমিউনিটি সেন্টারের ৪ তলায় স্থানান্তরের জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলোচনাতে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।</p>	<p>বাস্তবায়নকারী-</p> <ol style="list-style-type: none"> <li>১) যে সকল কমিউনিটি সেন্টার ব্যবহৃত হচ্ছে না এবং যে সকল কমিউনিটি সেন্টার চালু আছে সেগুলি প্রয়োজনীয় সংস্কার করার জন্য প্রকল্প গ্রহণ করবেন।</li> <li>২) যে সকল কর্তৃক ভাড়ায় রয়েছে এবং অপদখল হয়ে আছে তা মুক্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া যায়।</li> <li>৩) কমিউনিটি সেন্টারগুলির সঠিক ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট আধ্বর্ণিক নির্বাহী কর্মকর্তাগণ কর্তৃক তদারকী বৃদ্ধি করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যায়।</li> </ol>

২৭৬

	<p>ঢাকা উন্নত সিটি কর্পোরেশনের অধ্যল-১ এর উন্নতা কমিউনিটি সেন্টারটি তিন তলা বিশিষ্ট। এর নীচ তলা গাড়ি পার্কিং এবং ২য় ও তৃতীয় (৭০০০ বর্গফুট করে) হলরূপ হিসেবে ব্যবহৃত হয়। ২য় ও তৃতীয় তলার ভাড়া একত্রে নির্ধারিত (দিনে-৪৫,৪৪৫ টাকা এবং রাতে ৫৩,১০৮/- টাকা) করা আছে। ২য় তলায় আনুমানিক ২৫০ জন এবং ৩য় তলায় আনুমানিক ৩৫০ জনের আসন সংরূপের করা সম্ভব।</p> <p>২য় এবং ৩য় তলার ভাড়া একত্রে নির্ধারিত থাকায় হলুদ, সুন্দর খালগা, কানফুড়ানি জাতীয় ছেঁট অনুষ্ঠানে আঁথাইগণ উচ্চ হারে ভাড়ার কারণে উন্নতা কমিউনিটি সেন্টার ভাড়া গ্রহণে আঁথাই হন না। উন্নত ফ্লোরের ভাড়া আলাদাভাবে ৩০,০০০/- (শিশ হাজার) টাকা করে নির্ধারণ করা হলেও অনুষ্ঠানের সংখ্যা বৃদ্ধি পাবে এবং উন্নত সিটি কর্পোরেশনের রাজস্ব আদায়ের হার বাড়বে ঘর্মে আশা করা যায়। এ বিষয়ে সকল কাউন্সিলর একমত প্রকাশ করেন।</p>	<p>১) সম্পূর্ণ কমিউনিটি সম্পূর্ণ ভাড়ায় ব্যবহারের ক্ষেত্রে চলমান ভাড়ার হার অপরিবর্তিত রাখা হবে।</p> <p>২) ২য় ও ৩য় তলায় আলাদাভাবে দেয়া যায় সেক্ষেত্রে ফ্লোর প্রতি দিনে ২৫,০০০/- টাকা এবং রাতে ৩০,০০০/- টাকা ভাড়া নির্ধারণ করা যেতে পারে।</p> <p>৩) খাতওয়ারী বিভাজন কমিউনিটি সেন্টার ভাড়া নির্ধারণ সংক্রান্ত কমিটি নির্ধারণ করে দিবেন।</p> <p><b>বাস্তবায়নকারী-</b></p> <ol style="list-style-type: none"> <li>প্রধান সমাজকল্যাণ ও বন্তি উন্নয়ন কর্মকর্তা</li> <li>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অধ্যল-১</li> </ol>	
২০	<p>মশক নিধন ও নিয়ন্ত্রণ প্রসঙ্গে</p> <p><b>উপস্থাপনকারী-</b> প্রধান স্বাস্থ্য কর্মকর্তা</p> <p>(ক) র্যালি।</p> <p>(খ) পোস্টার।</p> <p>(গ) লিফলেট।</p> <p>(ঘ) ব্যক্তিগত যোগাযোগ, শিক্ষাপ্রতিষ্ঠান/অফিস/অসজিদ/বাজার।</p> <p>(ঙ) পত্রিকা (প্রিন্ট মিডিয়া)।</p> <p>(চ) টিভি/রেডিও (ইলেক্ট্রনিক মিডিয়া)।</p> <p>(ছ) বাটল সংগীত।</p> <p>(জ) মোবাইল এস. এম. এস।</p> <p>(ঝ) পরামর্শ সেল।</p>	<p>মশক নিধন ও নিয়ন্ত্রণ দৈনিক কার্যক্রম যথা এ্যাডাল্টসাইড, লার্ভিসাইড, ম্যালেরিয়া ওয়েল -বি প্রয়োগ কচুরীগানা ও জলজ-আগাছা পরিকার করণের পাশাপাশি নিম্নলিখিত জনসচেতনতা বৃদ্ধি মূলক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।</p> <p>(ক) কোরবানীর পশ্চ নির্দিষ্ট স্থানে জবেহুকরণের লক্ষ্যে স্বরাষ্ট্র যন্ত্রণালয় প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করবে। এ লক্ষ্যে ব্যপক প্রচারণা চালাতে হবে, জনসম্প্রত্ত বাড়াতে হবে এবং মসজিদ ভিত্তিক প্রচারণা করতে হবে।</p> <p>(খ) ইসলামিক ফাউন্ডেশন সারাদেশে ইমামগণের মাধ্যমে সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে কোরবানীর পশ্চ জবেহু করার বিষয়ে স্বাইকে উদ্বৃদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(গ) কোরবানীর পশ্চ জবেহুকরণের স্থান এমনভাবে নির্ধারণ করতে হবে যেখানে সহজে কোরবানীর পশ্চ নিয়ে আসা যায়। পশ্চ কোরবানীর পরে পরিয়াক্ত বর্জ্য অপসারণের জন্য প্রয়োজনীয় যান যন্ত্রাদি প্রস্তুত রাখতে হবে। ২৪ ঘণ্টার মধ্যে স্থানটি পরিকার পরিচ্ছন্ন করে পূর্বের ন্যায় ব্যবহার উপযোগী করে দিতে হবে।</p> <p>(ঘ) কোরবানীর পশ্চ জবেহুকরণের প্রতিটি স্থানের জন্য সিটি কর্পোরেশনের স্থানীয় কাউন্সিলরের নেতৃত্বে ব্যবস্থাপনা কর্মটি গঠন করতে হবে।</p> <p>(ঙ) পরিত্র দুর্দের তিন দিন পূর্ব হতে মাইকের মাধ্যমে এলাকা ভিত্তিক প্রচারণা চালাতে হবে। প্রতিটি হাটেও এ প্রচারণা চালাতে হবে। এর পাশাপাশি এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ধর্মীয় ব্যক্তিত্বদের নিয়ে উদ্বৃক্তরণ সভা করতে হবে। ইসলামিক ফাউন্ডেশন হতে প্রচারণার বক্তব্য অনুমোদন করিয়ে নিতে হবে। জনসাধারণের সহজবোধ্য ভাষায় প্রচারণা করতে হবে।</p> <p>(ঁ) মহাসড়ক, সড়ক ও রেলপথে পশ্চর হাট যাতে না বসানো হয় তার জন্য ব্যবস্থা করতে হবে।</p> <p>(ঁঁ) কোরবানীর পশ্চ নির্দিষ্ট স্থানে জবেহুকরণের গৃহীত সকল কার্যক্রমের অগ্রগতি আগামী ১৫ সেপ্টেম্বর এর মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে। এ বিষয়ে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা যথোদয় কর্তৃক একটি কর্মপরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে (কপি সংযুক্ত)।</p>	<p>এ সকল কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগীতা করবেন।</p> <p><b>বাস্তবায়নকারী-</b></p> <ol style="list-style-type: none"> <li>প্রধান সমাজকল্যাণ ও বন্তি উন্নয়ন কর্মকর্তা</li> <li>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অধ্যল-১</li> </ol>
২১	<p>নির্দিষ্টস্থানে পশ্চ জবাই করণ প্রসঙ্গে</p> <p>(ক) কোরবানীর গতি ২৭/১০/২০১৫ খ্রিঃ তারিখের কোরবানীর পশ্চ সুনির্দিষ্ট স্থানে জবেহ ও দ্রুত বর্জ্য অপসারণে কৃপণীয় নির্ধারণে আয়োজিত আন্তঃমন্ত্রণালয়ের সভায় নির্দূরণ সিদ্ধান্ত গৃহীত হয়-</p> <p>(ক) কোরবানীর পশ্চ নির্দিষ্ট স্থানে জবেহুকরণের লক্ষ্যে স্বরাষ্ট্র যন্ত্রণালয় প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করবে। এ লক্ষ্যে ব্যপক প্রচারণা চালাতে হবে, জনসম্প্রত্ত বাড়াতে হবে এবং মসজিদ ভিত্তিক প্রচারণা করতে হবে।</p> <p>(খ) ইসলামিক ফাউন্ডেশন সারাদেশে ইমামগণের মাধ্যমে সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে কোরবানীর পশ্চ জবেহু করার বিষয়ে স্বাইকে উদ্বৃদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(গ) কোরবানীর পশ্চ জবেহুকরণের স্থান এমনভাবে নির্ধারণ করতে হবে যেখানে সহজে কোরবানীর পশ্চ নিয়ে আসা যায়। পশ্চ কোরবানীর পরে পরিয়াক্ত বর্জ্য অপসারণের জন্য প্রয়োজনীয় যান যন্ত্রাদি প্রস্তুত রাখতে হবে। ২৪ ঘণ্টার মধ্যে স্থানটি পরিকার পরিচ্ছন্ন করে পূর্বের ন্যায় ব্যবহার উপযোগী করে দিতে হবে।</p> <p>(ঘ) কোরবানীর পশ্চ জবেহুকরণের প্রতিটি স্থানের জন্য সিটি কর্পোরেশনের স্থানীয় কাউন্সিলরের নেতৃত্বে ব্যবস্থাপনা কর্মটি গঠন করতে হবে।</p> <p>(ঁ) পরিত্র দুর্দের তিন দিন পূর্ব হতে মাইকের মাধ্যমে এলাকা ভিত্তিক প্রচারণা চালাতে হবে। প্রতিটি হাটেও এ প্রচারণা চালাতে হবে। এর পাশাপাশি এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ধর্মীয় ব্যক্তিত্বদের নিয়ে উদ্বৃক্তরণ সভা করতে হবে। ইসলামিক ফাউন্ডেশন হতে প্রচারণার বক্তব্য অনুমোদন করিয়ে নিতে হবে। জনসাধারণের সহজবোধ্য ভাষায় প্রচারণা করতে হবে।</p> <p>(ঁঁ) মহাসড়ক, সড়ক ও রেলপথে পশ্চর হাট যাতে না বসানো হয় তার জন্য ব্যবস্থা করতে হবে।</p> <p>(ঁঁঁ) কোরবানীর পশ্চ নির্দিষ্ট স্থানে জবেহুকরণের গৃহীত সকল কার্যক্রমের অগ্রগতি আগামী ১৫ সেপ্টেম্বর এর মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে। এ বিষয়ে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা যথোদয় কর্তৃক একটি কর্মপরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে (কপি সংযুক্ত)।</p>	<p>১) সকল কাউন্সিলগণকে কর্মপরিকল্পনা পাঠাতে হবে।</p> <p>২) পরবর্তী বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।</p> <p><b>বাস্তবায়নকারী-</b></p> <ol style="list-style-type: none"> <li>সচিব</li> <li>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা</li> <li>প্রধান সম্পত্তি কর্মকর্তা</li> </ol>	

২২	বর্জ্য ব্যবস্থাপনা কাজে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী ৩৫ জন পরিচ্ছন্ন কর্মী বৈধ ওয়ারিশকে ঠিকা নিয়োগ প্রসঙ্গে	বর্জ্য ব্যবস্থাপনা কাজে কর্মরত অবস্থায় ২৩/৩/২০১৫ খ্রিৎ থেকে ১৩/২/২০১৬ খ্রিৎ পর্যন্ত মোট ৩৫(গেম্বিশ্রি) জন পরিচ্ছন্নতা কর্মী মৃত্যুবরণকারী পরিচ্ছন্নতা কর্মীগণের পরিচ্ছন্নতা কর্মীর শূন্য পদের স্থলে তাদের বৈধ ওয়ারিশ ঠিকা পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের আবেদন করেছে বিগত জুন/২০১৫ থেকে ঠিকা নিয়োগ বৰ্ক আছে। এতে করে মৃত্যুবরণকারী পরিচ্ছন্নতা কর্মীদের পরিবার অনাহারে/অর্ধাহারে দিন কাটাচ্ছে। তাদের পরিবারের অবস্থার মানবিক বিবেচনায় তাদের ঠিকা পরিচ্ছন্নতা কর্মী হিসেবে নিয়োগের অনুমতি প্রদানের জন্য সভায় উপস্থাপন করা। মৃত্যুবরণকারী পরিচ্ছন্ন কর্মীর সন্তানদের চাকুরী দেয়া, পঙ্কজ বরণ করলে বা গুরুতর অসুস্থ হয়ে কাজে অক্ষম হয়ে পড়লে তাকে কাজে ফেরার জন্য ১-৩ মাস সময় দেয়া, পঙ্ক বা গুরুতর অসুস্থ হয়ে কাজে অক্ষম হয়ে পড়লে তার সন্তান বা বৈধ ওয়ারিশকে অস্থায়ী ভিত্তিতে চাকুরী দেয়া, চাকুরীর সর্বানিম্ন বয়স কত হবে বা সর্বোচ্চ বয়স কত হবে। উপস্থিত সকল কাউন্সিলরের সম্মতিতে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।	১) মৃত্যুবরণকারী পরিচ্ছন্ন কর্মীর সন্তান বা বৈধ ওয়ারিশকে অস্থায়ী ভিত্তিতে চাকুরী দেয়া হবে। ২) পঙ্কজ বরণ করলে বা গুরুতর অসুস্থ হয়ে কাজে অক্ষম হয়ে পড়লে তাকে কাজে ফেরার জন্য ১-৩ মাস সময় দেয়া হবে। ৩) পঙ্ক বা গুরুতর অসুস্থ হয়ে কাজে অক্ষম হয়ে পড়লে তার সন্তান বা বৈধ ওয়ারিশকে অস্থায়ী ভিত্তিতে চাকুরী দেয়া হবে। তার চাকুরী ২ মাস পর পর এক্সটেনশন করতে হবে। ৪) চাকুরী দেবার বয়সসীমা হবে সর্বোচ্চ ৩০ বছর। ৫) সর্বোচ্চ কত বছর পর্যন্ত চাকুরী করতে পারবে তা আগামী বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে। <b>বাস্তবায়নকারী-</b> ১) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
২৩	মিরপুর গাবতলী পর্বাদি পশুর হাট ১৪২৩ বাংলা সন্দের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে পুর্ণপত্র পাওয়া যায়, প্রাপ্ত সর্বোচ্চ দর-৮,৪০,০০০/- (আট কোটি চাঁচিশ লক্ষ) টাকা। ২য় বার ১টি দরপত্র পাওয়া যায়, প্রাপ্ত সর্বোচ্চ দর- ৮,৬০,০০,০০০/- (আট কোটি ষষ্ঠি লক্ষ) টাকা ও তৃতীয় বার ১টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত সর্বোচ্চ দর- ৮,৬০,০০,০০০/- (আট কোটি ষষ্ঠি লক্ষ) টাকা। বর্ণিত পশুর হাটের ১৪২৩ বাংলা সন্দের জন্য সরকারী মূল্য গত ৩ (তিনি) বছরের গড় ইজারামূল্য+২৫% (৮,৩৭,৩৩,৩৩৪+২,০৯,৩৩,৩৩৪)= ১০,৪৬,৬৬,৬৬৮/- (দশ কোটি ছেচচিশ লক্ষ ছেষটি হাজার ছয়শত আটয়টি) টাকা। কেন বারই নির্ধারিত সরকারী মূল্য পাওয়া যায়নি। তৃতীয় বার প্রাপ্ত দরপত্র ২৪/৩/২০১৬ তারিখ দরপত্র মূল্যায় কমিটির সভায় উপস্থাপন করা হলে পুনরায় দরপত্র আহ্বান এবং বিষয়টি বোর্ড সভায় আলোচনার জন্য সিদ্ধান্ত গ্রহণ হয়। মেয়র বলেন, শেষবারের মতো দরপত্র আহ্বান করা যায়। যদি ১২ কোটি টাকার কয়ে দরপত্র পাওয়া যায় তবে ডিএনসিসি গাবতলী পশুর হাট পরিচালনা করবে। সকল সম্মানিত কাউন্সিল এ বিষয়ে একমত থকাশ করেন।	মিরপুর গাবতলী পশুদি পশুর হাট ১৪২৩ বাংলা সন্দের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক দরপত্র প্রাপ্তনের লক্ষ্যে ৩ (তিনি)টি তারিখ নির্ধারণকরত জাতীয় দেনিক পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রচার করা হয়। উল্লেখ্য যে, ১য় বার দুটি দরপত্র পাওয়া যায়, প্রাপ্ত সর্বোচ্চ দর-৮,৪০,০০০/- (আট কোটি চাঁচিশ লক্ষ) টাকা। ২য় বার ১টি দরপত্র পাওয়া যায়, প্রাপ্ত সর্বোচ্চ দর- ৮,৬০,০০,০০০/- (আট কোটি ষষ্ঠি লক্ষ) টাকা। বর্ণিত পশুর হাটের ১৪২৩ বাংলা সন্দের জন্য সরকারী মূল্য গত ৩ (তিনি) বছরের গড় ইজারামূল্য+২৫% (৮,৩৭,৩৩,৩৩৪+২,০৯,৩৩,৩৩৪)= ১০,৪৬,৬৬,৬৬৮/- (দশ কোটি ছেচচিশ লক্ষ ছেষটি হাজার ছয়শত আটয়টি) টাকা। কেন বারই নির্ধারিত সরকারী মূল্য পাওয়া যায়নি। তৃতীয় বার প্রাপ্ত দরপত্র প্রাপ্ত দরপত্র মূল্যায় কমিটির সভায় উপস্থাপন করা হলে পুনরায় দরপত্র আহ্বান এবং বিষয়টি বোর্ড সভায় আলোচনার জন্য সিদ্ধান্ত গ্রহণ হয়। মেয়র বলেন, শেষবারের মতো দরপত্র আহ্বান করা যায়। যদি ১২ কোটি টাকার কয়ে দরপত্র পাওয়া যায় তবে ডিএনসিসি গাবতলী পশুর হাট পরিচালনা করবে। সকল সম্মানিত কাউন্সিল এ বিষয়ে একমত থকাশ করেন।	১) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
২৪	বিবিধ	<p>ক) ০৭ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিল জনাব মোঃ মোবারের চৌধুরী জনাল তার এলাকায় ৩০' x ২০' আকারের একটি জায়গা রয়েছে। সেখানে শিশুপার্কসহ ব্যায়ামাগার, লাইব্রেরী করা যাবে যেতে পারে। মাননীয় মেয়র জায়গাটি আপাততঃ বেড়া দিয়ে ধীরে বাখতে বলেন। খুব শীঘ্ৰই কাজ শুরু করা হবে যেনে নির্দেশনা প্রদান করেন।</p> <p>খ) মাননীয় মেয়র ১লা বৈশাখ ১৪২৩ উপলক্ষ্যে তেজগাঁও ট্রাক স্ট্যান্ড, মোহাম্মদপুর বাস স্ট্যান্ড ও গাবতলী বাস স্ট্যান্ডে মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য সংশ্লিষ্ট কাউন্সিলরদের নির্দেশাম প্রদান করেন। তিনি আরো বলেন যে, মেলা আয়োজন করতে যেন রাস্তায় চলাচল বিস্তৃত না হয়।</p>	<p>১) জায়গাটি দখলে নিয়ে বেড়া দিয়ে ধীরে বাখা যায়।</p> <p><b>বাস্তবায়নকারী-</b></p> <ol style="list-style-type: none"> <li>১) সংশ্লিষ্ট কাউন্সিল</li> <li>২) আন্তরিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২</li> </ol> <p>২) তেজগাঁও ট্রাক স্ট্যান্ড এলাকায়, মোহাম্মদপুর বাস স্ট্যান্ড এলাকায় ও গাবতলী বাস টার্মিনাল এলাকায় চলাচলের ব্যবাহ সৃষ্টি না করে সম্মানিত কাউন্সিলরগণ বৈশাখী মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে পারবেন।</p> <p><b>বাস্তবায়নকারী-</b></p> <ol style="list-style-type: none"> <li>১) সংশ্লিষ্ট কাউন্সিল</li> </ol>

অন্য কোন আলোচ্যসূচী না থাকলে যাত্রীয় গ্রেয়ার ও সভাপতি সকলকে ধন্যবাদ আনিয়ে সভার দাগাঞ্চি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
 আমিনুল্লাহ ইকবেল  
 মেধার  
 ও  
 সভাপতি  
 ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

তারিখ- ১৫/০৪/২০১৫

স্মারক নং-৪৬, ২০৭, ০০৬, ০৩, ০০, ২৪৩৮, ২০১৬ - ১৫২

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১) প্রাণিপরিষদ সচিব, বাংলাদেশ পঞ্চিয়াত্য, ঢাকা।
- ২) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পঞ্চিয়াত্য, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবহার অন্তর্ভুক্ত জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১) কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং- ..... /সংরক্ষিত আসন নং- ..... ।
- ২) বিভাগীয় প্রধান ..... ।
- ৩) আধিকারিক নির্বাহী কর্মকর্তা, অধ্যক্ষ।
- ৪) মেধার মহোনয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫) প্রধান নির্বাহী কর্মকর্তা'র স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬) সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা।
- ৭) অফিস কাপি।

(মেধার নাহিদুল ইসলাম)  
 সচিব (উত্তর সিটি কর্পোরেশন)  
  
 (মেধার আমিনুল্লাহ ইকবেল)